দৈনিক ইত্তেফাক

তাং ২৯।৮।৯১
পৃষ্ঠা ৮ কলাম ৬

6/

52

ঢাকা :

মন্ত্রীপরিষদের বৈঠক অনুষ্ঠিত

# পরীক্ষায় দুর্নীতির শাস্তি বৃদ্ধি ও লবণ আমদানীর সিদ্ধান্ত

গতকাল (সোমবার) বঙ্গভবনে অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সভাপতিত্বে মন্ত্রী পরিষদের বৈঠকে পরীক্ষায় দুর্নীতি দমন, অসদুপায় রোধ ও সকল অসাধু প্রবণতা বন্ধ করার জন্য 'দ্য পাবলিক এগ-জামিনেশন (অফেন্সেস) অ্যাক্ট-১৯৮০ সংশোধন করিয়া শাস্তির মাত্রা বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। বৈঠকে প্রধানমন্ত্রী খালেদা

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## পরীক্ষায় দুর্নীতির শাস্তি

(শেষ পৃঃ পর)

জিয়া সভায় উপস্থিত ছিলেন। মন্ত্রী ও প্রতিমন্ত্রীবর্গ, মুখ্য অর্থ সচিব, কেবিনেট সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সচিবগণ সভায় উপস্থিত ছিলেন।

সংশোধিত আইনের আওতায় ভুয়া পরীক্ষার্থীকে সর্বনিম্ন ২ বছর ও সর্বোচ্চ ৫ বছর, প্রশ্নপত্র ফাঁস করার মত ঘৃণ্য অপরাধের জন্য ন্যূনতম ৪ বছর ও সর্বোচ্চ ১০ বছর, ভুয়া মার্কশীট, ভুয়া সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রী প্রদানের জন্য ন্যুনতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর উত্তরপত্র পরিবর্তন অথবা অবৈধভাবে সংযোজনের জন্য ন্যুনতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর; পরীক্ষায় নকল সরবরাহকারীর জন্য ন্যুনতম ২ বছর ও সর্বোচ্চ ৫ বছর এবং পরীক্ষা অনুষ্ঠানে বাধা প্রদান অথবা পরীক্ষাকেন্দ্রে গোলযোগের জন্য এক বছর পর্যন্ত কারাদণ্ডের বিধান থাকিবে। সর্বক্ষেত্রে কারাদণ্ড ছাড়াও অর্থদণ্ডের বিধান থাকিবে। নকল করার অপরাধে কোন পরীক্ষার্থী দোষী সাব্যস্ত হইলে তিন বছর পর্যন্ত তাহাকে পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না।

বৈঠকে মন্ত্রীপরিষদ অবিলম্বে এক লক্ষ মেট্রিক টন অবিচূর্ণ লবণ আমদানীরও সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। এই এক লক্ষ মেট্রিক টন অবিচূর্ণ লবণ মিল মালিক সমিতির সাথে আলোচনাক্রমে বিসিক কর্তৃক নির্বাচিত প্রকৃত ও প্রতিষ্ঠিত লবণমিল মালিকগণই আমদানী করিবেন। লবণ মিল মালিক সমিতির দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী সরকারী সিদ্ধান্ত জানানোর ৭ দিনের মধ্যে আমদানীকারকগণ এল,সি খুলিবেন এবং এল,সি খোলার ৪০ দিনের মধ্যে তাহারা পরিশোধিত লবণ বাজারজাত করিবেন। কি মূল্যে মিল মালিকগণ পাইকারী বিক্রেতাদের কাছে আমদানীকৃত অবিচূর্ণ লবণ পরিশোধন করে অমিশ্রিত (নির্ভেজাল) অবস্থায় বিক্রি করিবেন তাহা লবণ মিল মালিক সমিতি বিসিকের সাথে আলোচনাক্রমে স্থির করিতে এবং মূল্য স্থির করার পূর্ণ বিশ্লেষণসহ টিসিবিকে জানাইবে। মিল মালিকগণ আমদানীকৃত লবণ কোথায় রাখিবেন এবং পাইকারী বিক্রেতাগণ কত মার্ক-আপ পাবেন তাহা শিল্পমন্ত্রণালয়, টিসিবি ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারদের জানাইতে হইবে। পাইকারী বিক্রেতাদের কার কাছে কি পরিমাণ লবণ কি মূল্যে বিক্রয় করা হইল তাহার পরিসংখ্যান মিলমালিকগণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও টিসিবিকে জানাইবেন। বিক্রয়ের ৭ দিনের মধ্যেই এই তথ্য জানাইতে হইবে।

বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বের নির্দেশে টিসিবি ৫০ হাজার মেট্রিক টন বিচূর্ণ ও ৫০ হাজার মেট্রিক টন অবিচূর্ণ লবণ আমদানীর জন্য দরপত্র আহ্বান করিয়াছে। লবণ মিলমালিক সমিতিকে অবিচূর্ণ লবণ আমদানী করিতে দেওয়ার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে টিসিবি কর্তৃক ৫০ হাজার মেট্রিক টন অবিচূর্ণ লবণ আমদানীর প্রক্রিয়াটি বাতিল করা হইবে। সংবেদনশীল এই পণ্যের অযৌক্তিক মূল্যবৃদ্ধির প্রচেষ্টার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা হিসাবে বিচূর্ণ ৫০ হাজার মেট্রিক টন লবণ আমদানী প্রক্রিয়া অব্যাহত থাকিবে। —তথ্য বিবরণী।